



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৫.৩৯.০১০.২১.২৩০

তারিখ: ২৬ পৌষ ১৪২৮

১০ জানুয়ারি ২০২২

বিষয়: উচ্চশিক্ষান্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশের জন্য পাড়ুলিপি আহবান।


বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উচ্চশিক্ষান্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশ করে আসছে। প্রতিবছরের ন্যায় এবছরও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অবসরপ্রাপ্ত শিক্ষক, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, গবেষণাপ্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক/গবেষক, কমিশন কর্তৃপক্ষ ও কর্মকর্তাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে পাড়ুলিপি আহবান করা যাচ্ছে।

শর্তাবলি:

১. ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা, ২০২০ অনুযায়ী নির্বাচিত লেখককে প্রকাশিত পুস্তকের জন্য এককালীন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা সম্মানী প্রদান করা হবে।
২. বাংলায় সর্বোচ্চ ১২ ফন্ট ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ ফন্ট কম্পিউটার কম্পোজ করে ০৪ (চার) কপি পাড়ুলিপি A4 সাইজের কাগজে স্পাইরেল অথবা খোলা বাঁধাইপূর্বক কমিশনে দাখিল করতে হবে।
৩. পাড়ুলিপি ১/১৬ ডবল ডিমাই বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজে সিঙ্গেল লাইন স্পেসে ফরমেটিং করে পেনড্রাইভ/সিডিতে কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনে দাখিল করতে হবে।
৪. নির্বাচিত পাড়ুলিপি সাধারণভাবে ১/১৬ ডবল ডিমাই সাইজে ৩০০ পৃষ্ঠা বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজের ক্ষেত্রে ২৫০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে এ ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৫. লেখক কর্তৃক পাড়ুলিপির মৌলিকত্বের ঘোষণাপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।
৬. বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পাড়ুলিপি প্রণয়ন করা যাবে। পাড়ুলিপি পুস্তক প্রকাশনা নীতিমালা অনুযায়ী নির্বাচন করা হবে। জনা কোন প্রকাশক বা ব্যক্তি উদ্যোগে পূর্বে প্রকাশিত পুস্তক পুনঃমুদ্রণ বা পুনঃসংস্করণের জন্য গ্রহণ করা হবে না।
৭. পাড়ুলিপির বানান রীতিতে প্রমিত নিয়ম অনুসরণ করতে হবে এবং বিশেষজ্ঞের মতামত নিয়ে পাড়ুলিপি মুদ্রণ ও প্রকাশনা প্রক্রিয়া গ্রহণ করা হবে।
৮. প্রকাশিত বইয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের সংশ্লিষ্ট সিলেবাসের কতটুকু অংশ অন্তর্ভুক্ত (Cover of Syllabus) এবং এক বা একাধিক কোর্সের মোট কত মানের উত্তর সংবলিত হবে (Marks allotted to topics in the book) তা উল্লেখ থাকতে হবে।
৯. পাড়ুলিপি ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচনের পর বিশেষজ্ঞ মতামতানুযায়ী যদি পাড়ুলিপির বিষয়গত ও ভাষাগত মানোন্নয়নের আবশ্যিকতা দেখা দেয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পাড়ুলিপি প্রণেতার সঙ্গে কমিশনের পক্ষ থেকে যোগাযোগ করা হবে।
১০. সাধারণভাবে নির্বাচিত পাড়ুলিপির প্রথম সংস্করণ ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপি প্রকাশ করা হবে। তবে চাহিদার পরিপ্রেক্ষিতে কত কপি পুস্তক প্রকাশ করা যাবে তার সংখ্যা কমিশন কর্তৃপক্ষ নির্ধারণ করবেন।
১১. ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত পাড়ুলিপি সংশ্লিষ্ট বিষয়ের এক বা একাধিক বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন এবং আনুষ্ঠানিক সম্পাদনার কাজ শেষ করে চূড়ান্ত পর্যায়ে পাড়ুলিপি পুস্তক আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. পাড়ুলিপি পুস্তক আকারে মুদ্রণ করার পূর্বে নন-জুডিসিয়াল স্ট্যাম্প লেখক কমিশনের সঙ্গে 'সমঝোতা স্মারক' সম্পাদন করবেন।
১৩. অনুবাদ গ্রন্থ প্রকাশ করার ক্ষেত্রে উদ্যোগী ব্যক্তি হলে ব্যক্তি এবং প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠান কর্তৃক লেখক ও প্রকাশকের (যিনি মূল কপি পাড়ুলিপির অধিকারী তার নিকট হতে) অনুমতিপত্র সংগ্রহ করে তা আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

To all teachers
&

কমিশনের মাধ্যমে বই প্রকাশে আগ্রহী লেখকগণকে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে ৪ (চার) কপি পাণ্ডুলিপি কমিশনের
রিমার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।



১০-১-২০২২

মোঃ শাহীন সিরাজ

উপ-পরিচালক (পাবলিকেশন)

ফোন: ৫৮১৬০২৪৫

ইমেইল: shahin@ugc.gov.bd

বিতরণ :

১) রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়

নং রেজি/প্রশা-৩/২০২২


৪৪৬-৫৫ - বি

তারিখঃ

১১/১০/১৪২৮ বঙ্গাব্দ
২৫/১/২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো :-

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, অ'ইসিটি (তথ ও যোগাযোগ প্রযুক্তি) সেক, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৫. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (আপনার শাখার দায়িত্বপ্রাপ্তকে দিয়ে ই-মেইলে বিজ্ঞপ্তির কপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।



তেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন : ৯৬৬১৯০০-৫৯/৪০৩৭